দৈনিক ইনকিলাব

তারিখ 07 NOV 1991
পৃষ্ঠা ৮ কলাম ৬

# শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করতে সরকার বদ্ধপরিকর

## —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেন, সরকার শিক্ষাঙ্গনে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে কঠোর আইন প্রণয়নের ব্যাপারে সক্রিয় চিন্তা-ভাবনা করছে। তিনি বলেন, বর্তমান সরকার জাতির বৃহত্তর স্বার্থে শিক্ষাঙ্গনকে অস্ত্র ও সন্ত্রাসমুক্ত করতে বদ্ধপরিকর। মন্ত্রী গতকাল ঢাকায় বাংলাদেশ ইন্সটিটিউট অব টেকনোলজি (বিআইটি) কাউন্সিলের এক সভায় সভাপতিত্ব করছিলেন। বিআইটি কাউন্সিলের ভাইস চেয়ারম্যান অধ্যাপক ওয়াহিদ উদ্দিন আহমেদ, বিভিন্ন বিআইটি-এর চেয়ারম্যান ও পরিচালকগণ সভায় উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর। শিক্ষামন্ত্রী বলেন, বিদেশে আমাদের কারিগরি শিক্ষার যথেষ্ট সুনাম রয়েছে এবং যে কোন মূল্যে তা রক্ষা করতে হবে। তিনি বলেন, বর্তমান সরকার দেশের কারিগরি শিক্ষার মান উন্নয়ন ও প্রসারের স্বার্থে সম্ভাব্য সকল প্রকারের পৃষ্ঠপোষকতা দেবে। তিনি শিক্ষাঙ্গনে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার জন্য শিক্ষাবিদ, শিক্ষা প্রশাসক এবং বিভিন্ন প্রতিষ্ঠানের বর্তমান ও সাবেক প্রধানদের সক্রিয় সহযোগিতা কামনা করেন।

14